তারিখ · 21 · JAN · 2016 ···
পৃষ্ঠা ··· ৫ ··· কলাম ··· 2 ······

কালের কণ্ঠ

# বাংলা হবে খান একাডেমির শিক্ষা উপকরণ

আল-আমীন দেওয়ান ▷



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কর্মকর্তারা

খান একাডেমির বিভিন্ন শিক্ষা উপকরণ বাংলায় অনুবাদের উদ্যোগ নিয়েছে সরকার। নতুন এ উদ্যোগের আওতায় তথ্যপ্রযুক্তি, গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, ইতিহাসসহ বিভিন্ন বিষয়ে খান একাডেমির কনটেন্টগুলো বাংলায় অনুবাদ করে দেশের পাঠ্যক্রম অনুযায়ী শিক্ষার্থীদের উপযোগী করা হবে। ২০২০ সাল পর্যন্ত কনটেন্টগুলো বাংলায় অনুবাদ করবে আগামী এডুকেশন ফাউন্ডেশন। গত মঙ্গলবার তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) সঙ্গে এ বি য়ে চুক্তি করেছে তারা। বিসিসির নির্বাহী পরিচালক এস এম আশরাফুল ইসলাম ও আগামী এডুকেশন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাফিসা খানম চুক্তিতে স্বাক্ষর করেন।

উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ ও সচিব শ্যামসুন্দর সিকদার।

বিশ্বকে বদলে দিতে সক্ষম সেরা পাঁচটি আইডিয়ার একটি ধরা হয় খান একাডেমিকে। বিজ্ঞান, গণিত থেকে শুরু করে পরিসংখ্যান, অর্থনীতি বা ইতিহাসের মতো বিষয়গুলো ভিডিও টিউটোরিয়ালের মাধ্যমে সারা বিশ্বের শিক্ষার্থীদের কাছে সহজবোধ্য করেছে খান একাডেমি।

২০০৬ সালে বাংলাদেশি বংশোদ্ভূত সালমান খান অলাভজনক এই শিক্ষামূলক সাইটটি প্রতিষ্ঠা করেন। বিস্তারিত : www.khanacademy.org